**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
(আইসিটি শাখা)
www.barisal.gov.bd

# তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির ডিসেম্বর/২০২২ মাসের সভার কার্যবিবরণী

**সভাপতি** : জনাব মো: জাহাঙ্গীর হোসেন, জেলা প্রশাসক, বরিশাল।

**স্থান** : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

**তারিখ ও সময়** : ১৮ ডিসেম্বর ২০২২, বেলা: ২:৫০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে উল্লেখ করেন যে, প্রকৃতপক্ষে তথ্যের অধিকার সংবিধানে বর্ণিত নাগরিকের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। তথ্য অধিকার, তথ্যের আদান-প্রদান এর অবিচ্ছেদ্য অংশ। তথ্য অধিকার আইন ২০০৯ এর প্রস্তাবনায় বর্ণিত এ বিষয়গুলোই আইনের মূল দর্শন। সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদানকারী কর্মকর্তা, জনাব লাকী দাস বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অত:পর তথ্য অধিকার আইন বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় মতামত/সুপারিশ প্রদানের জন্য সকল সদস্যকে আলোচনায় অংশগ্রহণের অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ :** তথ্য অধিকার আইন অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানে অনেক কর্মকর্তা পরিবর্তন হওয়ায় নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয় না। তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ বিকল্প কর্মকর্তার এবং আপীল গ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবীসহ হালনাগাদ তালিকা অফিসের সম্মুখে এবং ওয়েবসাইটে প্রদর্শন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ বিকল্প কর্মকর্তা এবং আপীল গ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবীসহ হালনাগাদ তালিকা ওয়েবসাইটে আপলোড এবং দপ্তরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। | দপ্তর প্রধান (সকল) ও সহকারী কমিশনার (আইসিটি)। |
| ০২ | **তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার আরটিআই প্রশিক্ষণ :** তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তাদের আরটিআই অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। সকল দপ্তরকে স্বপ্রণোদিতভাবে জেলা প্রশাসকের কার্যালয় আরটিআই অনলাইন কোর্স সম্পাদন সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জেলা ও উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা এবং আরটিআই কর্মকর্তাদের হালনাগাদ তালিকা প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করতে হবে। | সহকারী কমিশনার, আইসিটি শাখা। |
| ০৩ | **তথ্য অধিকার এবং তথ্য প্রকাশকারী ও আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান :** তথ্য অধিকার আইন অনুযায়ী যে কোন নাগরিকের তথ্য প্রাপ্তি ও তথ্য প্রকাশের অধিকার রয়েছে। তবে সকল তথ্য জনগণকে দিতে বাধ্য নয়। তাই, তথ্য প্রার্থীকে আইন অনুযায়ী তার অধিকার সম্পর্কে জানাতে হবে। পাশাপাশি তাদের সুরক্ষা নিশ্চিত করা আবশ্যক। বিনা প্রয়োজনে কেউ যাতে তথ্য চেয়ে অফিসকে বিব্রতকর অবস্থায় না ফেলে সে সম্পর্কেও জনগণকে সচেতন করতে হবে বলে সদস্যগণ মত প্রকাশ করেন। সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আইনের ধারা সম্পর্কে অবহিতকরণ কর্মশালার আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | তথ্য প্রকাশকারী ও আবেদনকারীর সুরক্ষা নিশ্চিত করতে হবে এবং তথ্য অধিকার আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আইনের ধারা সম্পর্কে কর্মশালার ব্যবস্থা করতে হবে। | দপ্তর প্রধান (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও সহকারী কমিশনার (আইসিটি) বরিশাল। |

চলমান পাতা-২

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান :**<br>সকল উপজেলায় তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি রয়েছে। তথ্য অধিকার আইন অনুযায়ী উপজেলা কমিটি নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী জেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে বলে সকল সদস্য মত প্রকাশ করেন। উপস্থিত এনজিও প্রতিনিধিদেরকে উপজেলাসমূহে তাদের অন্যান্য কার্যক্রমের পাশাপাশি তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে জনগণকে অবহিত করতে অনুরোধ জানানো হয়। | উপজেলা কমিটিকে নিয়মিত সভা করে কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। উপজেলা নির্বাহী অফিসারগণ তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য ইউডিসি এবং তথ্য আপার মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল। |
| ০৫ | **তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিস্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান:**<br>তথ্য কমিশনের সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে। তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে তা ওয়েবসাইটে আপলোড করতে হবে। তথ্য অধিকার আইন সম্পর্কে সাধারণ জনগণকে অবহিত করার জন্য তৃণমূল পর্যায়ে ইউপি চেয়ারম্যান, সদস্য ও এনজিওদের সম্পৃক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | তথ্য কমিশনের সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে। তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ২০২২ প্রকাশ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। নিয়মিত বার্ষিক প্রতিবেদন তৈরি করতে হবে। তথ্য অধিকার আইন সম্পর্কে সাধারণ জনগণকে অবহিত করার জন্য উঠান বৈঠক, ঘরোয়া সভা ইত্যাদি আয়োজন করতে হবে। | দপ্তর প্রধান (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল। |
| ০৬ | **স্বপ্রণোদিত তথ্য প্রকাশ:**<br>নিজ নিজ দপ্তরের তথ্য স্বপ্রণোদিতভাবে ওয়েবসাইটে প্রকাশ করতে পারেন। স্বপ্রণোদিতভাবে তথ্য প্রকাশ করলে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে এবং নাগরিকগণ কাঙ্খিত তথ্য সহজে পাবে বলে সকল সদস্যগণ মত প্রকাশ করেন। | দপ্তরের নিজস্ব তথ্য ও উন্নয়ন প্রকল্পসমূহের তথ্য স্বপ্রণোদিতভাবে ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল। |
| ০৭ | **বিবিধ:**<br>জনগণকে অনলাইনে আবেদন করার জন্য পরামর্শ প্রদান করতে হবে এবং আবেদন পাওয়ার পরে নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | অনলাইনে প্রাপ্ত তথ্য অধিকার আইনের আবেদন নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই নিস্পত্তি করতে হবে। | দপ্তর প্রধান (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং তথ্য অধিকার আইন-২০০৯ এর বাস্তবায়নে অবাধ তথ্য প্রদানে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/১২/২০২২

(মো: জাহাঙ্গীর হোসেন)
জেলা প্রশাসক
বরিশাল।
ফোন : ০২৪৭৮৮৬৪২৫৯
ই-মেইল:dcbarishal@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৬০০.১২৭.০৬.০০১.২২.২৬৪

তারিখ : ০৩ পৌষ ১৪২৯ / ১৮ডিসেম্বর ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
৪। অধ্যক্ষ, সরকারি বিএম কলেজ, বরিশাল
৫। পুলিশ সুপার, বরিশাল
৬। সিভিল সার্জন, বরিশাল
৭। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, বরিশাল
৮। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ..............................বরিশাল
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল
১১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ................................., বরিশাল
১৩। উপপরিচালক, যুব উন্নয়ন অদিদপ্তর, বরিশাল
১৪। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল
১৫। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বরিশাল
১৬। জেলা শিক্ষা অফিসার, বরিশাল
১৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল
১৮। জনাব...................................................., .......................................
১৯। অফিস কপি।

১৮/১২/২০২২
(লাকী দাস)
সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল